

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৮টি প্রতিষ্ঠানকে ৭৩.০০ হাজার টাকা জরিমানা

১২ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩ জন কর্মকর্তার নেতৃত্বে পঞ্চগড়, জামালপুর ও দিনাজপুরে আজ বাজার তদারকি করা হয়।

জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল নান্দেমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৩টি বাজার তদারকিতে ৮টি প্রতিষ্ঠানকে মোট ৭৩,০০০/- (ত্ৰিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মং ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। এছাড়া গত ১১ মে ২০১৬ তারিখে খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় অভিযোগের ভিত্তিতে ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, বিসিক প্রতিনিধি ও ক্যাভ এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, পঞ্চগড়, জামালপুর ও দিনাজপুর।
- ৬। পুলিশ সুপার, পঞ্চগড়, জামালপুর ও দিনাজপুর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।